গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ১৬ ফেব্রুয়ারি ২০২১ বিকাল: ০৩:০০ ঘটিকা
স্থান : কক্ষ নং-১০০৫, ১০ম তলা, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।

**অনলাইন উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রমের সমন্বয় সাধন করা হয়। সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটিকে সহায়তা প্রদান, কারিগরি কমিটিকে পরামর্শ প্রদান; বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা এবং সিআরভিএস বাস্তবায়নকালে উদ্ভুত সমস্যা নিরসনে অত্র কমিটি কাজ করছে। উক্ত কর্মকান্ড বাস্তবায়নে নিজ নিজ বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ তাদের একে অপরের সহযোগিতা অব্যাহত রাখবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে গত ১১ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত:** ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | ৩.১। হাসপাতালের বাইরে মৃত্যুবরণকারীদের জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ Verbal Autopsy (VA) এর মাধ্যমে নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে যে Sample Size নির্ধারণ করে দেয়া হয়েছে তা অনুসারে সারাদেশে VA এর কার্যক্রম Scale up করার বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ১৬ নভেম্বর ২০২০ তারিখের ১৮৫ স্মারকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে জুন ২০২১ এর মধ্যে Sample Size এর আনুমানিক অর্ধেক উপজেলাসমূহে VA এর কার্যক্রম Scale up করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ২। | ৪.১। আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ প্রায়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ প্রকল্প যাচাই কমিটির সভা করে প্রকল্প প্রস্তাবটি পুনরায় আইন ও বিচার বিভাগে প্রেরণ করেছে। আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় সংশোধন পূর্বক প্রকল্প প্রস্তাবটি আগামী ১৭ ফেব্রুয়ারি তারিখে পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে মর্মে সভায় আইন ও বিচার বিভাগের প্রতিনিধি জানায়। |
| ৩। | ৪.২। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত তথ্য ছকটি টেকনিক্যাল মতামত এবং ব্যানবেইসের ফর্মের সাথে interoperability বজায় রাখার শর্তে অনুমোদনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সিদ্ধান্ত অনুসারে তথ্য ছকটি নিয়ে কার্যক্রম চলমান রয়েছে মর্মে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক সভায় জানায়। |
| ৪। | ৪.৩। Unique ID (UID) ব্যবহারের জন্য ব্যানবেইস এবং ORG এর সিস্টেমদ্বয়ের মধ্যে Process Mapping এর বিষয়টি অতিদ্রুত সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ব্যানবেইস এবং ORG এর সিস্টেমদ্বয়ের মধ্যে Unique ID (UID) ব্যবহারের জন্য সভা করা হয়েছে। API এর মাধ্যমে তথ্য আদান প্রদানের জন্য Test সম্পন্ন করা হয়েছে। |
| ৫। | ৪.৪। মহাপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কে সিআরভিএস বাস্তবায়ন কমিটিতে কোঅপ্ট করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গত ২৭ জানুয়ারি ২০২১ তারিখে ২২ নম্বর স্মারকে মহাপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে সিআরভিএস বাস্তবায়ন কমিটিতে কোঅপ্ট করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৬। | ৪.৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS এ সংরক্ষিত শিশুর জন্মের ঘটনার নোটিফিকেশন BDRIS এ প্রেরণের নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে মহাপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে সমঝোতা স্মারকের খসড়া পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে যা পর্যালোচনাধীন রয়েছে। |
| ৭। | ৫.১। BDRIS এর মাধ্যমে শিশুর জন্ম সনদে UID ব্যবহারের বিষয়টি আগামী ৩০/১২/২০২০ এর মধ্যে নিশ্চিত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ সংশোধন করা প্রয়োজন মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে জানানো হয়। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৮। | ৫.২। BDRIS এর মাধ্যমে সংরক্ষিত নাগরিকের তথ্যের Privacy এবং Data Security বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক মানদণ্ড নিশ্চিত করার নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে করা হয়েছে এবং BDRIS এর মাধ্যমে সংরক্ষিত তথ্য Secured আছে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে জানানো হয়েছে। |
| ৯। | ৫.২.১। জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং MCCD সংক্রান্ত তথ্য থেকে vital statistics তৈরির বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্বাস্থ্য অধিদপ্তরের সাথে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক সভা করে আগামী ৩০/১২/২০২০ এর মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিষয়টি নিস্পত্তি করবেন। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ১২ নভেম্বর ২০২০ তারিখের ১৮২ স্মারকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কে অবহিত করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রতিনিধি জানান যে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সাথে বর্ণিত সভা আয়োজন করা হয়েছে। তবে MCCD সংক্রান্ত তথ্য থেকে vital statistics তৈরির বিষয়ে সভা করা সম্ভব হয়নি। |
| ১০। | ৫.৩। UNESCAP এর CRVS Regional Action Framework এ ২০২৪ এর মধ্যে জন্ম এবং মৃত্যু নিবন্ধনের যে টার্গেট অঙ্গীকার করা হয়েছে তা অর্জনের জন্য দেশের সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত টার্গেটসমূহকে অন্তর্ভুক্ত করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন অধিশাখা এর সাথে আলোচনা হয়েছে বিষয়টি নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর এর সাথে কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন টিমের একটি সভা আয়োজনের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। |
| ১১। | ৫.৪। DHIS2 এর সাথে BDRIS এর Integration এর জন্য Test Environment সহ অন্যান্য কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিষয়টি আগামী ৩০/১২/২০২০ এর মধ্যে নিশ্চিত করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | DHIS2 এর সাথে BDRIS এর Integration এর জন্য Test Environment তৈরি করে ইতোমধ্যে API এর Testing সম্পন্ন হয়েছে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে জানানো হয়েছে। |
| ১২। | সিদ্ধান্ত: ৫.৫। Extended Program of Immunization (EPI) এর কার্যক্রম ডিজিটাল করণ সংক্রান্ত পাইলটটি Scale up এর সময় EPI এর কার্যক্রমের সাথে BDRIS এর Integration এর বিষয়টি মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর নিশ্চিত করবেন। | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে ইউনিসেফের সহায়তায় EPI কার্যক্রম ডিজিটাল করণ আগামী ৫ বছরে ২৪টি উপজেলায় সম্প্রসারণ করা হবে। উক্ত সম্প্রসারণের সময় EPI এর কার্যক্রমের সাথে BDRIS এর Integration এর বিষয়টি নিশ্চিত করা হবে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১৩। | ৬.১.১ সিআরভিএস সংশ্লিষ্ট প্রতিটি দপ্তর/সংস্থার ডাটাবেইজের জন্য বর্তমানে এবং ভবিষতে সম্ভাব্য কি পরিমাণ Space (Slot) প্রয়োজন হবে এবং Peak-hour এ অথবা Off-peak-hour এ কত জন ব্রাউজ করবে অথবা ব্যবহার করবে তা উল্লেখ পূর্বক গত সভার ৬.১.১ সিদ্ধান্তটি পরিপত্র আকারে জারি করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ২৯ নভেম্বর ২০২০ তারিখের ১৯১ স্মারকে সংশ্লিষ্ট বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ১৪। | ৬.২.১। WHO-SEAROএর সহযোগিতায় CRVS Strategic Action Plan প্রণয়নের অংশ হিসাবে Key Performance Indicators (KPI) এর নিজ নিজ অংশ পূরণসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে CRVS Strategic Action Plan প্রণয়নের অংশ হিসাবে Key Performance Indicators (KPI) এর নিজ নিজ অংশ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করেছে। |

**০৪। আলোচ্যসূচি-০৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পের আওতায় সফটওয়্যার তৈরির সময় সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে ইন্টিগ্রেশনের বিষয়ে নিয়োগকৃত ভেন্ডরকে নির্দেশনা দেয়া এবং ইন্টিগ্রেশনের বিষয়টি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্প নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিআরভিএস সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত ফরমের তথ্য হার্ড কপিতে গ্রহণ না করে Application Software বা App ব্যবহার করে সরাসরি ডাটাবেইজে এন্ট্রি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিআরভিএস সংক্রান্ত টেকনিক্যাল কমিটির সভায় ও এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব সভাকে জানান। এ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্পের পরামর্শ নেয়ার বিষয়ে সভায় গুরাত্বারোপ করা হয়।

সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর সংশোধন আগামী এপ্রিল ২০২১ এর মাঝামাঝি সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে অবহিত করেন । প্রাইভেসি এবং ডাটা সিকিউরিটির বিষয়টি নিশ্চিত করার জন্য BDRIS সিস্টেমটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল থেকে টেস্ট করার বিষয়ে সভায় সকল সদস্যগণ একমত পোষণ করেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের পুরাতন ডাটাবেইজ BRIS এর ডাটা Deduplication এর মাধ্যমে নতুন BDRIS এ স্থানান্তর সম্পন্ন করার বিষয়ে ও সভায় আলোচনা করা হয়। Deduplication এর Methodology ঠিক করার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে একটি কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। Reve System এর চুক্তি নবায়ন সংক্রান্ত আলচনায় অংশগ্রহণ করে রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় জানান যে Reve System কর্তৃক সম্পন্নকৃত BDRIS সিস্টেমটি বুঝে নেয়ার জন্য একটি টেকনিক্যাল টিম গঠন করা হয়েছে। উক্ত টিমের রিপোর্ট পাওয়ার পর চুক্তি নবায়ন করা

হবে। সভায় সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে সদস্যগণ একমত পোষণ করেন যে বর্ণিত বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এর নেতৃত্বে যে কমিটি গঠিন করা হয়েছে সে কমিটি সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট এর বিষয়ে একটি আউটলাইন দিবে। সেই আউটলাইন অনুসরণপূর্বক স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট সম্পন্ন করার বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS এর তথ্যের সাথে BDRIS এর ইন্টিগ্রেশন সম্পন্ন করার জন্য দুই পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক অতি দ্রুত স্বাক্ষরের বিষয়ে উপস্থিত সদস্যগণ গুরুত্বারোপ করেন।

**সিদ্ধান্ত:** ৪.১। "বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পের আওতায় সফটওয়্যার তৈরির সময় সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে ইন্টিগ্রেশনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নিয়োগকৃত ভেন্ডরকে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং ইন্টিগ্রেশনের বিষয়টি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্প নিশ্চিত করবে।

**সিদ্ধান্ত:** ৪.২। প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নের সময় তথ্য হার্ড কপিতে গ্রহণ না করে Application Software বা App (অনলাইন ও অফলাইন সুবিধাসহ) ব্যবহার করে সরাসরি এন্ট্রি করার বিষয়ে মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্পের পরামর্শ গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৩। সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর সংশোধন সংক্রান্ত কার্যক্রম আগামী এপ্রিল ২০২১ এর মাঝামাঝি সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৪। প্রাইভেসি এবং ডাটা সিকিউরিটির বিষয়টি নিশ্চিত করার জন্য BDRIS সিস্টেমটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল থেকে টেস্ট করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৫। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ডাটা Deduplication করার Methodology সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে এপ্রিল ২০২১ এর মধ্যে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে নির্ধারণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৬। BDRIS সিস্টেমটি বুঝে নেয়ার জন্য গঠিত টেকনিক্যাল টিম এর মতামতের ভিত্তিতে অতিদ্রুত Reve System এর সাথে ORG এর চুক্তি নবায়নের রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৭। সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট এর বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এর নেতৃত্বে গঠিত কমিটি আগামী মার্চ ২০২১ এর মধ্যে একটি আউটলাইন দিবে। সেই আউটলাইন অনুসরণপূর্বক স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসম্যান্ট সম্পন্ন করতে হবে।

**সিদ্ধান্ত:** ৪.৮। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS এর তথ্যের সাথে BDRIS এর ইন্টিগ্রেশন সম্পন্ন করার জন্য দুই পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক আগামী মার্চ ২০২১ এর মাঝামাঝি সময়ের মধ্যে স্বাক্ষরের বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৫। আলোচ্যসূচি-০৪: বিবিধ:

**৫.১। CRVS Strategic Action Plan (WHO-SEARO) প্রণয়ন সংক্রান্ত আলোচনা:**

Economic and Social Commission of Asia and the Pacific (ESCAP) এর তত্ত্বাবধানে WHO-SEARO এর সহযোগিতায় CRVS Strategic Action Plan প্রণয়নের অংশ হিসাবে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত Key Performance Indicators (KPI) বর্ণিত বিষয়ে গঠিত Bangladesh Country Team এর সভায় আলোচনান্তে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত: ৫.১.১।** CRVS Strategic Action Plan প্রণয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত KPI Bangladesh Country Team এর সভায় পর্যালোচনাক্রমে প্রেরণ করতে হবে।

**৫.২। সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৪র্থ পর্যায় গ্রহণ সংক্রান্ত আলোচনা:**

সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৩য় পর্যায় এর মেয়াদ জুন ২০২১ তারিখে শেষ হবে মর্মে প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান। উক্ত প্রকল্পের বৈদেশিক সাহায্য সংস্থা ভাইটাল স্ট্র্যাটেজিস সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৪র্থ পর্যায় গ্রহণের বিষয়ে সম্মতি প্রদান পূর্বক ইমেইল করেছেন মর্মেও প্রকল্প পরিচালক জানান। সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৪র্থ পর্যায় গ্রহণের সময় সিআরভিএস বাস্তবায়নে গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ, জাতীয় এবং আন্তর্জাতিক প্রতিশ্রুতি অর্জনের বিষয় এবং চলমান কার্যক্রমসমূহ সম্প্রসারণের বিষয়গুলো প্রকল্পের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত: ৫.২.১।** সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের ৪র্থ পর্যায় গ্রহণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৫.৩। সিআরভিএস সংশ্লিষ্ট উপাদান সমূহের মধ্যে Interoperability স্থাপন সংক্রান্ত:**

আলোচনায় অংশগ্রহণ করে এটুআই প্রকল্পের পলিসি এডভাইজার সভায় জানান যে সিআরভিএস সংশ্লিষ্ট জন্ম ও মৃত্যু নিবন্ধন, বিবাহ ও তালাক নিবন্ধন, মৃত্যুর কারণ নির্ধারণ, শিক্ষার্থীদের এনরোলম্যান্ট এর মধ্যে ইন্টারঅপারেবিলিটির সর্বশেষ অবস্থা এবং উক্ত তথ্য থেকে ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরি সম্পর্কে একে অপরের সর্বশেষ আপডেট নিয়ে আলোচনা করা প্রয়োজন। দপ্তর/সংস্থা/প্রকল্প সংশ্লিষ্টদের নিয়ে জরুরি ভিত্তিতে একটি দিনব্যাপী কর্মশালা আয়োজনের মাধ্যমে বর্ণিত বিষয়ে সর্বশেষ আপডেট জানা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত: ৫.২.১।** সিআরভিএস সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রকল্পের কর্মকর্তা ও কনসাল্ট্যান্টদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক দিনব্যাপী একটি কর্মশালা আয়োজন করবে।

০৭। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২২/০৪/২০২১

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।